This Question Paper consists of 30 questions and 7 printed pages.

Roll No. | | | | | | | | | | | | Code No. **52/S/A/B**

Set **A**

# BENGALI
# (বাংলা)
# (203)

Day and Date of Examination ______________________________

Signature of Invigilators 1. ______________________________

2. ______________________________

---

**সাধারণ নির্দেশিকা -**

1. পরিক্ষার্থী প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তার নাম ও রোল নং লিখিবেন।
2. প্রশ্নপুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলি পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C), এবং (D) এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর পুস্তিকায় সেটি নির্দেশিত করুন।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপন চিহ্ন দিলে অথবা রোল নাম্বার লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর পুস্তিকায় প্রশ্নপুস্তিকার Code No. **52/S/A/B-A** লিখুন।

# BENGALI

# (বাংলা)

# (203)

সময় : **3** ঘণ্টা ] [ পূর্ণমান : **100**

**নির্দেশ :**

1. সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক, প্রতিটি প্রশ্নের সঙ্গে নাম্বার দেওয়া আছে।
2. **Q.no 1-20** বহুমুখি প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে **4** টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে । প্রতিটি প্রশ্নের মান **1 (one)**।

**1.** লালু ব্যবসা করার জন্য কার কাছ থেকে দশ টাকা নিয়েছিল : **1**

(A) মা (B) বাবা

(C) দাদা (D) দিদি

**2.** 'ভাঙা' কথার অর্থ : **1**

(A) বিচ্ছিন্ন (B) টুকরো

(C) কাটা (D) আস্ত

**3.** 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় ডুবে মরছে অসহায় হাতি- তাদের কে তুলে আনবে? **1**

(A) কান্ডারী (B) নেতা

(C) পুঁজিপতি (D) স্বার্থপর ব্যক্তি

**4.** ভারতের দিবাকর বলতে কি বোঝানো হয়েছে? **1**

(A) ভারতের গৌরবের ইতিহাস (B) ভারতের অতীত কলঙ্ক

(C) ভারতের স্বাধীনতার সূর্য (D) ভারতের শৌর্য-বীর্য

**5.** জাপানের হিরোসিমা শহর প্রায় নিশ্চিহ্ন হয়েছিল : **1**

(A) প্রথম বিশ্বযুদ্ধে (B) দ্বিতীয় বিশ্বযুদ্ধে

(C) তৃতীয় বিশ্বযুদ্ধে (D) কোনোটাই নয়

6. ‘বঙ্গভূমির প্রতি’ কবিতায় মাইকেল মধুসূদন দত্ত প্রথমেই লিখেছেন-‘রেখো, মা দাসেরে মনে।’ এখানে ‘মা’ বলতে কবি কাকে বুঝিয়েছেন? 1

(A) কবির জননী জাহ্নবী দেবীকে (B) বিশ্বমাতাকে

(C) একজন সেবকের জননীকে (D) জন্মভূমি বঙ্গভূমিকে

7. পিয়ের শোপ্যাঁ বাগান নিয়ে করতেন : 1

(A) খেলা (B) পরিচর্যা

(C) জাদু (D) ছেলেখেলা

8. বৃদ্ধ মাধব শিরোমণি যাচ্ছিলেন : 1

(A) শিষ্য বাড়ি (B) বন্ধু বাড়ি

(C) আত্মীয় বাড়ি (D) গুরু বাড়ি

9. নিচের অসম্পূর্ণ বাক্যটিকে সম্পূর্ণ করার জন্য বাক্যাংশ দেওয়া আছে। ঠিক বাক্যাংশটিকে চিহ্নিত করুন : 1

‘একদিন অমরায় গিয়ে ছিন্ন খঞ্জনার মতো......’

(A) বাংলার নদী, মাঠ, ভাটফুল কেঁদেছিল পায়।

(B) সে নেচেছিল ইন্দ্রের সভায়।

(C) শ্যামার নরম গান শুনেছিল।

(D) অসংখ্য অশ্বত্থ বট দেখেছিল।

10. ‘অবাক জলপান’ নাটকে আমি বিশ্বাস করবো তখন : 1

(A) যখন দেখাতে পারবেন (B) যখন শুনাতে পারবেন

(C) যখন জানাতে পারবেন (D) যখন প্রমান দেখাতে পারবেন

11. বাঁশের মাচায় কাগজ জুড়ে ওরা বানায় : 1

(A) বাঘ, হাতি (B) সিংহ, হাতি

(C) বানর, হাতি (D) মহিষ, হাতি

12. উপাধ্যায়মশায় একঘর ছাত্রের সামনে শোনপাংশু জাত-সম্পর্কে বলেছিল : 1

(A) শুশ্রী (B) বিশ্রী

(C) সংমিশ্রণ (D) কোনোটাই নয়

13. ‘মিলনের কথা’ প্রবন্ধটিতে নিম্নলিখিতের কোন্ ধারণাটি সত্য : 1

(A) হিন্দু-মুসলমান-খ্রিস্টান প্রত্যেকটি জাতি আলাদা আলাদা।

(B) ধর্ম আচরণ আলাদা হলেও সব মানুষ, আসলে এক।

(C) মানুষ সম্পর্কে শাস্ত্রের নির্দেশই একমাত্র সত্য।

(D) মানুষ সম্পর্কে ধর্মধ্বজাদের কথাই সত্য।

14. ‘ভারতীয় সংস্কৃতির ধারা’ প্রবন্ধে ব্রাহ্মণ্য প্রাধান্য ছিল না : 1

(A) প্রায় দুই হাজার বছর আগে (B) প্রায় তিন হাজার বছর আগে

(C) প্রায় দেড় হাজার বছর আগে (D) প্রায় পাঁচ হাজার বছর আগে

15. ‘মানুষ ফাঁদ পেতেছে’ -এখানে ‘মানুষ’ শব্দটি কোন ধরনের মানুষের কথা বলতে ব্যবহার করা হয়েছে? 1

(A) আত্মকেন্দ্রিক (B) অশিক্ষিত

(C) শিক্ষিত (D) চক্রান্তকারী

16. ‘কেউ করে মৃদু তিরস্কার’-‘তিরস্কার’ কথার অর্থ কী? 1

(A) প্রশ্ন করা (B) ভর্ৎসনা করা

(C) বিদ্ধ করা (D) অহংকার করা

17. ‘পিয়ানোর গান’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত : 1

(A) ছাড়পত্র (B) সানাই

(C) অভ্র-আবীর (D) আরোগ্য

18. ‘আমার খুন চেপে গেছে’-উক্তিটি কার? 1

(A) লালু (B) চাটুজ্জে

(C) লালুর বাবা (D) পুরোহিত

19. ‘কান্ডারী হুঁশিয়ার’ কবিতায় ‘লঙ্ঘিতে হবে’ বলতে বোঝানো হয়েছে : 1

(A) লাফাতে হবে (B) চলতে হবে

(C) পার হতে হবে (D) দৌড়তে হবে

20. ‘বঙ্গভূমির প্রতি’ কবিতায় কবি ‘তামরস’ শব্দ ব্যবহার করেছেন। ‘তামরস’ শব্দের অর্থ কি? 1

(A) পদ্মফুল (B) সালুক ফুল

(C) কলমী ফুল (D) কোনোটাই নয়

(**21**(ক)-**21**(চ) প্রশ্নগুলির উত্তর **10-12** টি শব্দে দিন।)

**21.** (ক) 'শুধু ভাঙা নয়' কবিতায় কবি কবিরাজ ডেকে দেখাতে বলেছেন কেন? **1**

(খ) 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় মাঝি পথ ভুলে গেছে কেন? **1**

(গ) 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবি অমরত্বের কথা কী ভাবে বলেছেন? **1**

(ঘ) পিয়েরকে যুদ্ধে টেনে নিয়ে গেল কেন? **1**

(ঙ) 'এলিৎ' সংস্কৃতি কোন্ সাহিত্যের প্রভাবে সর্বস্তরে বিস্তার লাভ করে? **1**

(চ) দ্বিতীয় শোনপাংশু কাকে নিয়ে নাচতে চাইছে? **1**

(**22**(ক)-**22**(চ) প্রশ্নগুলির উত্তর অনধিক **30** টি শব্দে লিখুন।)

**22.** (ক) 'ছাড়পত্র' কবিতায় শিশুটি তার হাত মুষ্টিবদ্ধ করেছে কেন? **2**

(খ) 'ওরা কাজ করে' কবিতায় 'ওরা' কারা? **2**

(গ) 'শ্যামার নরম গান শুনেছিল- একদিন অমরায় গিয়ে'-তার অমরায় যাওয়ার কারণ কী? **2**

(ঘ) 'মিলনের কথা' প্রবন্ধে 'হাতে খড়ি'র কয়েকটি সংখ্যায় কিসের ইচ্ছা প্রকাশ পায়? **2**

(ঙ) 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধে প্রাবন্ধিক তুর্কমুঘল- ইসলামপন্থীদের আগমনের পূর্বেই নাকি আমরা বস্তুজ্ঞান হারিয়েছি। এই 'বস্তুজ্ঞান' থাকলে আমাদের কী লাভ হত। **2**

(চ) 'সর্বনাশ করলে রে'-পথতকের কী সর্বনাশ হয়েছিল? **2**

(**23**(ক)-**23**(খ) প্রশ্ন দুটি অনধিক **40-42** টি শব্দে লিখুন।)

**23.** (ক) 'এর পরের অধ্যায় কূপমন্ডুকতা'-এই 'কূপমন্ডুকতা' বলতে কী বোঝানো হয়েছে? **3**

(খ) 'দাড়াঁও' প্রবন্ধে মানুষের কষ্টের জন্য কে দায়ী? **3**

**24.** মনোহর চাটুজ্জে দেবীর সামনে, কোন প্রসঙ্গেঁ তিন সত্য করেছিলেন, তা অনধিক **100** টি শব্দে প্রকাশ করুন। **8**

**25.** 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় বাংলার যে নিসর্গ সৌন্দর্য কবি উপলব্ধি করেছেন তার পরিচয় দাও। **8**

**অথবা**

'ওরা কাজ করে ' কবিতায় কবি কাদের জয়যাত্রা অটুট থাকবে বলে মনে করেন।

**26.** 'আমরা লোহার কাজ করি, তাই লোহাও আমাদের কাজ করে'- **6**

এই উক্তি কে করেছিল? পথতককে বলেছিল কেন? এই উক্তির মধ্য দিয়ে লেখক কী বোঝাতে চেয়েছেন?

**27.** (ক) আপনারা সন্ধি সম্বন্ধে জেনেছেন। একটি শব্দের সন্ধি-বিশ্লেষণ করে সন্ধির সূত্র বন্ধনীর মধ্যে লিখুন। (প্রথম শব্দটিতে উদাহরণ হিসাবে দেখানো হল)। যে-কোনো **4** টির উত্তর লিখুন। **4**

(i) সংকটাপন্ন - সংকট + আপন্ন (অ + আ = আ)

(ii) যথেষ্ট - যথা + ইষ্ট ( )

(iii) খর্বাকৃতি - খর্ব + আকৃতি ( )

(iv) ব্যর্থ - বি + অর্থ ( )

(v) পরীক্ষা - পরি + ইক্ষা ( )

(vi) আহারাদি - আহার + আদি ( )

(খ) নিম্নলিখিত যে-কোনো **4** টি বিপরীত শব্দ লিখুন : **4**

(i) পুরাতন (ii) আলো (iii) মিলন (iv) ছায়া (v) স্পষ্ট

(গ) নিম্নলিখিত যে-কোনো **4** টি শব্দ বিশেষ্য না বিশেষণ নির্বাচন করুন : **4**

(i) তরুণ (ii) দিন (iii) শোভিত (iv) মানব (v) শ্রদ্ধা

(ঘ) নিম্নলিখিত যে-কোনো **4** টির বিপরীত শব্দ দিয়ে বাক্য রচনা করুন : **4**

(i) চেনা (ii) জানা (iii) অস্বস্তি (iv) কন্যা (v) বর

**28.** অনধিক **75** টি শব্দে ভাবসম্প্রসারন করুন : **5**

যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে,
পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।

**অথবা**

এ জগতে, হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি,
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

**29.** জীবনে আপনি কীভাবে প্রতিষ্ঠিত হতে চান সে বিষয়ে আপনার বন্ধুকে একটি চিঠি লিখুন। **5**

**অথবা**

'পণ প্রথা'র বিষময় পরিণাম সম্বন্ধে আপনার মতামত জানিয়ে দৈনিক পত্রিকার সম্পাদককে একটি চিঠি লিখুন।

30. যে-কোনো **একটি** বিষয়কে অবলম্বন করে অনধিক **120** টি শব্দে প্রবন্ধ লিখুন। **8**

(ক) বাংলার ঋতুবৈচিত্র্য :
(প্রবন্ধ সংকেত : ভূমিকা-ঋতু সমূহের কালবিভাগ-গ্রীষ্ম-বর্ষা-শরৎ-হেমন্ত-শীত-বসন্ত-কৃষিতে প্রভাব-শরীর ও মনের উপরে প্রভাব-উপসংহার।)

(খ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান :
(প্রবন্ধ সংকেত : ভূমিকা-বিজ্ঞানের জয়যাত্রা-সর্বত্র বিজ্ঞানের দান-রোগ নিরাময়ে বিজ্ঞান-শিক্ষা ক্ষেত্রে বিজ্ঞান-কর্মক্ষেত্রে বিজ্ঞান-ভ্রমন যাতায়াতে বিজ্ঞান-সংযোগের ক্ষেত্রে বিজ্ঞান-প্রতিদিনকার জীবনে বিজ্ঞানের কল্যাণকর দিক-উপসংহার।)

(গ) সাক্ষরতা প্রসারে ছাত্র সমাজ :
(প্রবন্ধ সংকেত : ভূমিকা-নিরক্ষরতা একটা অভিশাপ-দারিদ্র ও নিরক্ষরতা-নিরক্ষরতার কারণ-নিরক্ষরতা দূর করার উপায়-সাক্ষরতা কর্মসূচি-উপসংহার।)

(ঘ) ড্রাগের নেশা সর্বনাশা :
(প্রবন্ধ সংকেত : ভূমিকা-ড্রাগচক্র-ড্রাগ আসক্তির কারণ-ড্রাগের প্রতিক্রিয়া-পরিণাম-প্রতিকার-উপসংহার।)

- o O o -